# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ

Tel : +88-02-2233-88109
+88-02-2233-85848
e-mail : dgmfrmd@krishibank.org.bd
Web : www.krishibank.org.bd

সূত্র ঃ বিকেবি/প্রকা/এফআরএমডি-১০(১)/বিবিধ-৪/২০২২-২০২৩/৩৫৩৯ তারিখ ঃ ২৩.০৩.২০২৩ইং

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয় / স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ রেমিট্যান্স পারফরমেন্স বৃদ্ধির জন্য ৩০ মার্চ - ১১ মে - ২০২৩ পর্যন্ত সময়কে "কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব - ২০২৩" হিসাবে ঘোষণা ও উদযাপন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

শিরোনামে উল্লেখিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্তমানে বাংলাদেশে ইনওয়ার্ড রেমিট্যান্স আহরনে মোট মার্কেট শেয়ারের মাত্র ১.৬৮% কৃষি ব্যাংকের মাধ্যমে আহরিত হয়। বিগত জানুয়ারী-২৩ মাসের তথ্য অনুযায়ী বানিজ্যিক ব্যাংকসমুহের মধে কৃষি ব্যাংকের অবস্থান বর্তমানে ২০ তম (ডিসেম্বর-২২ ভিত্তিক)। বহিঃবিশ্বে যুদ্ধাবস্থার কারণে পৃথিবী জুড়ে অর্থনৈতিক মন্দা পরিস্থিতি সৃষ্টি হওয়ার প্রেক্ষিতে বিশ্ব বানিজ্যে প্রতিকূল পরিস্থিতি বিরাজমান রয়েছে। তথাপি এপ্রিল-২০২৩ মাসের শেষ সপ্তাহে অনুষ্ঠিতব্য ১৪৪৪ হিজরী সনের "পবিত্র ঈদুল ফিতর" উপলক্ষে প্রবাসীগণ দেশে অবস্থানরত স্বজনদের নিকট প্রচুর পরিমানে বৈদেশিক রেমিট্যান্স প্রেরণ করবেন যা দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ সুসংহত করতে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করবে বলে আশা করা যায়। বাংলাদেশ কৃষি ব্যাংক ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক রেমিট্যান্স লক্ষ্যমাত্রা ৫০০০ কোটি টাকার মধ্যে চলতি অর্থ বছরের ১৬ মার্চ-২০২৩ পর্যন্ত ৩০৫৫ কোটি টাকা রেমিট্যান্স আহরণ করতে সক্ষম হয়েছে যা লক্ষ্যমাত্রার ৬১%। ৩০.০৬.২০২৩ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার অবশিষ্ট রেমিট্যান্স সংগ্রহ অত্যন্ত জরুরী।

০৩। বাংলাদেশের দুটি প্রধান ধর্মীয় উৎসব তথা পবিত্র ঈদুল ফিতর ও ঈদুল আযহা এর সময় প্রবাসী বাংলাদেশীরা দেশে অবস্থানরত স্বজন / বেনিফিশিয়ারীদের নিকট প্রচুর পরিমানে রেমিট্যান্স প্রেরণ করে থাকেন। আগামী এপ্রিল-২০২৩ মাসের ২২ তারিখে সম্ভাব্য অনুষ্ঠিতব্য পবিত্র "ঈদুল ফিতর" এর পূর্ববর্তী সময়ে অর্থাৎ ২০২৩ইং সালের রমজান মাসে বা ১৪৪৪ হিজরী সনের রমজান মাসেও প্রবাসী বাংলাদেশীগণ দেশে অবস্থানরত স্বজন/বেনিফিশিয়ারীদের নিকট প্রচুর পরিমানে রেমিট্যান্স প্রেরণ করবেন এবং এছাড়াও ঈদ পরবর্তী মে মাসের প্রথম সপ্তাহেও রেমিট্যান্স প্রেরনের প্রবনতা অব্যাহত থাকবে বলে আশা করা যায়। এসময়ে বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখাসমুহে প্রচারণা ও প্রণোদনামূলক কার্যক্রম হিসাবে ৩০ মার্চ হতে ১১ মে-২০২৩ পর্যন্ত সময়কালকে **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** হিসাবে ঘোষণাপূর্বক গ্রাহক পর্যায়ে বিকেবি'র রেমিট্যান্স সেবা গ্রহণে উদ্বুদ্ধ করার জন্য কিছু পদক্ষেপ/কর্মসূচী গ্রহণ করা হলে বিকেবি'র রেমিট্যান্স প্রবাহে ইতিবাচক প্রভাব পড়বে বলে আশা করা যায়। এতদলক্ষ্যে **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** সম্পর্কিত নিম্নরুপ কর্মসূচী গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো ঃ

**"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩" উপলক্ষ্যে গ্রাহক সেবার মান বৃদ্ধি ও রেমিট্যান্স সংগ্রহে শাখা ও নিয়ন্ত্রণকারী কার্যালয়ের করণীয় ঃ**

(ক) **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** শুরুর পূর্বেই বিভাগাধীন প্রতিটি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে অঞ্চলাধীন প্রত্যেক শাখার দৃশ্যমান স্থানে রেমিট্যান্স সেবা মাস-২০২৩ সম্পর্কিত (7 Feet × 3 Feet) সাইজের একটি ব্যানার স্থাপন করতে হবে। ব্যানারের ডিজাইন ই-মেইলে প্রেরণ করা হবে।

(খ) **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** শুরুর পূর্বে একবার এবং **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** চলাকালীন মাঝামাঝি সময়ে একবার শাখাসমুহের আওতাধীন এলাকার জনসমাগমস্থলে বিকেবি'র রেমিট্যান্স সেবা সম্পর্কিত প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রচার প্রচারণার উদ্দেশ্যে প্রতিটি শাখার অনুকূলে ১০০০/-(এক হাজার) টাকা হারে বরাদ্দ দেয়া হয়েছে।

(চলমান পাতা-০২)

(গ) শাখার পুরাতন রেমিট্যান্স গ্রাহকদের সাথে শাখা ব্যবস্থাপক/২য় কর্মকর্তা/রেমিট্যান্স কর্মকর্তা কর্তৃক টেলিফোনে যোগাযোগ করে তাদের কুশলাদি অবগত হবেন এবং শাখা হতে পুনরায় সেবা গ্রহণের জন্য আহবান জানাবেন। পাশাপাশি শাখার যে সকল হিসাব নম্বরে ইতোপূর্বে বিভিন্ন সময়ে অন্য ব্যাংক / BEFTN এর মাধ্যমে Account Payee রেমিট্যান্স এসেছে সে সব রেমিটারগণের মোবাইল ফোন নম্বর সংগ্রহপূর্বক তাদেরকে পুনরায় সরাসরি বিকেবি'র মাধ্যমে রেমিট্যান্স প্রেরণ করার জন্য উদ্বুদ্ধ করতে হবে।

(ঘ) রেমিট্যান্স সেবা উৎসব চলাকালীন সময়ে নতুন অথবা পুরাতন যেকোন গ্রাহক শাখায় প্রবেশের পর সম্মানের সাথে, হাস্যোজ্জ্বল ভাবে ও আন্তরিকতা নিয়ে গ্রাহক/বেনিফিশিয়ারীর চাহিদা মোতাবেক সেবা প্রদান/সর্বাত্মক সহযোগিতা করতে হবে। শাখার সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে উন্নত গ্রহাকসেবা প্রদানের অভ্যস বজার রাখার লক্ষে সেবা উৎসব শেষ হওয়ার পরও সকল সময়ের জন্য উপরোক্ত মানসিকতা উন্নয়নের প্রচেস্টা অব্যহত রাখতে হবে।

(ঙ) **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** চলাকালীন সময়ে প্রতিটি শাখাকে চলমান অর্থবছরের প্রথম ছয় মাসের মোট রেমিট্যান্স সংখ্যা বিবেচনায় প্রতি মাসের গড় সমপরিমান রেমিট্যান্সের ২০% প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যমাত্রা প্রদান করা হলো। ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ হতে গড় রেমিট্যান্স ও লক্ষ্যমাত্রার তথ্য সরবরাহ করা হবে। লক্ষ্যমাত্রা এবং অর্জন বিবেচনার ক্ষেত্রে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়কে, ঢাকা কে ঢাকা বিভাগের আওতাধীন একটি কর্পোরেট শাখা হিসাবে বিবেচনা করা হবে।

(চ) গ্রাহক পর্যায়ে কৃষি ব্যাংকের সেবা দানের সক্ষমতা ও দক্ষতা সম্পর্কে উচ্চ ধারণা তৈরীর লক্ষ্যে **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** চলাকালীন সময়ে সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকগণকে সরাসরি এবং তাদের নিয়ন্ত্রণাধীন সকল অঞ্চলের মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের মাধ্যমে শাখাসমুহে গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ সেবা প্রদান নিশ্চিতকরণ, সর্বোচ্চ রেমিট্যান্স সংগ্রহ, গ্রাহক/রেমিটার ডাটাবেজ আপডেটকরণ এবং সেবা মাস উপলক্ষে গৃহীত সকল কর্মসূচী বাস্তবায়নের বাস্তবভিত্তিক অগ্রগতি পর্যালোচনা ও নিবিড় মনিটরিং এর নির্দেশনা প্রদান করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ সার্বিক বিষয়ে উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের নিকট প্রতি সপ্তাহান্তে রিপোর্ট পেশ করবেন।

০৪। **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩" উপলক্ষ্যে রেমিট্যান্স সেবা উৎসব উপলক্ষ্যে ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক নিম্নোক্ত কর্মসূচী গ্রহণ করা হবে ঃ**

(ক) **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** চলাকালে বিকেবি'র ১০৩৮ টি শাখা ও ৫৩ টি অঞ্চলে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মূল্যবান দিকনির্দেশনা সরাসরি পৌঁছানোর নিমিত্তে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সুবিধাজনক সময়ে ব্যাংকের উর্ধতন নির্বাহীগণের উপস্থিতিতে বিকেবি, প্রধান কার্যালয়ের পর্ষদ সভাকক্ষে একটি ZOOM Webinar এর আয়োজন করা হবে, যেখানে বিকেবি'র সকল শাখার ব্যবস্থাপকগণ Virtually Connected থাকবেন। এছাড়া **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** চলাকালে বিভাগ/অঞ্চল/শাখার গৃহীত কার্যক্রম পর্যবেক্ষণ ও পর্যালোচনার জন্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ হতে ZOOM Meeting এর মাধ্যমে অঞ্চল/শাখাসমুহেকে সংযুক্ত করা হবে। প্রয়োজনে ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের কর্মকর্তাগণ দৈবচয়ন ভিত্তিতে যে কোনও বিভাগ/অঞ্চল/শাখার গৃহীত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করবেন ।

(খ) **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** চলাকালে শাখা পর্যয়ের রেমিট্যান্স সেবা নির্বিঘ্ন করার উদ্দেশ্যে শাখার প্রয়োজনে টেলিফোনিক অনুরোধের প্রেক্ষিতে প্রধান কার্যালয় হতে তাৎক্ষণিক ভাবে, দ্রুততার সাথে গ্রাহকের **NID VERIFICATION** সহ যে কোন ধরণের তাৎক্ষণিক সাপোর্ট প্রদানের জন্য একটি **DEDECATED HELP DESK** স্থাপন করা হয়েছে। উক্ত **DEDICATED** ডেস্কের সহযোগিতা নেয়ার জন্য **০১৭০৯৬৪৩২৯৬** নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো । এছাড়াও বিকেবি'র সাথে চুক্তিবদ্ধ বিভিন্ন এক্সচেঞ্জ কোম্পানীর হেল্প ডেস্ক মোবাইল নম্বরে ফোন করেও এই সেবা গ্রহণ করা যাবে।

(গ) বিকেবি'র সাথে চুক্তিবদ্ধ মোবাইল অপারেটর কোম্পানী GrameenPhone Ltd অথবা Robi Axiata Ltd অথবা অন্যা অপারেটর হতে **BULK Voice MMS Package** ক্রয় করে সংশ্লিষ্ট অপারেটরের সহায়তায় বিকেবি'র অপারেশনাল এরিয়াতে ব্যবহৃত মোবাইল নম্বরসমূহে **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** উপলক্ষ্যে বিকেবি'র রেমিট্যান্স সেবা গ্রহনে উদ্বুদ্ধ করার জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ হতে **Recorded Voice** বার্তা সম্বলিত **Prmotional Voice MMS** প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হবে। এক্ষেত্রে সম্ভাব্য গ্রাহক অথবা বিদেশে অবস্থানকারীদের আত্মীয়/স্বজনদের তথ্য ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগে বিদ্যমান বেনিফিশিয়ারী ডাটাবেস অথবা মোবাইল অপারেটর কোম্পানীর কাছ থেকে সংগ্রহ করা হবে।

(চলমান পাতা-০৩)

(ঘ) **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** শুরুর পূর্ব প্রস্তুতি হিসাবে বিকেবি'র সাথে চুক্তিবদ্ধ এক্সচেঞ্জ কোম্পানীসমূহের স্থানীয় প্রতিনিধিদের সাথে ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের ডিলিং কর্মকর্তাগণের সমন্বয়ে প্রধান কার্যালয়ে রেমিট্যান্স সেবার সার্বিক অবস্থা সম্পর্কিত একটি পর্যালোচনা সভা আয়োজন করা হবে।

(ঙ) পবিত্র মাহে রমজান-১৪৪৪ হিজরী উপলক্ষ্যে প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যান ও পরিবহন বিভাগের তত্ত্বাধানে ব্যাংকের ব্যাংকের বিজ্ঞাপন-ডাইরি-মুদ্রন সংক্রান্ত সংশ্লিষ্ট ব্যয় খাত হতে "সাহ্‌রী ও ইফতারের সময়সূচী" সম্বলিত ১,২০,০০০(এক লক্ষ বিশ হাজার) কপি এক পাতার ক্যালেন্ডার মুদ্রিত হয়েছে এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখাসমূহের আওতাধীন এলাকায় বসবাসরত গ্রাহক, বেনিফিশিয়রী, আমানতকারী, ঋণ গ্রহীতা ও স্থানীয় গন্যমান্য বক্তিবর্গকে বিতরনের নিমিত্ত ইতোমধ্যে শাখা পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

এছাড়াও রেমিট্যান্স সেবা মাস চলাকালীন সময়ে রেমিট্যান্স স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক তাৎক্ষণিক উদ্ভাবনী সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবায়ন করা হতে পারে;

০৫। **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** সফল করার লক্ষ্যে প্রণোদনা হিসাবে নিম্নরুপ কার্যক্রম গ্রহণ করা হবে ঃ

(ক) **রেমিট্যান্স সেবা মাসে** বিকেবি'র ০৮ টি বিভাগের প্রতিটিতে **সর্বোচ্চ পরিমান রেমিট্যান্স গ্রহণকারী ২০ (বিশ) জন** গ্রাহক/ বেনিফিশিয়ারীকে নিম্নোক্তভাবে আর্থিক পুরস্কার প্রদান করা হবে। এছাড়া সমগ্র বাংলাদেশের মধ্যে সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহণকারী ০১ (এক) জন গ্রাহককে নিম্নোক্তভাবে বিশেষ পুস্কার প্রদান করা হবে। **উল্লেখ্য প্রাপকগণকে পুরস্কারের অর্থ বিতরনের সময় পুরস্কারের অংক হতে সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য হারে সোর্স ট্যাক্স/উৎসে কর আদায়/কর্তন করতে হবে।**

| **বিভাগের মধ্যে অবস্থান** | **পুরস্কারের হার** | **সংখ্যা** | **টাকার পরিমান** | |
|---|---|---|---|---|
| ১ম সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতা | ৫০,০০০/- | ১ টি | ৫০,০০০/- | (পঞ্চাশ হাজার) টাকা |
| ২য় সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতা | ২০,০০০/- | ১ টি | ২০,০০০/- | (বিশ হাজার) টাকা |
| ৩য় সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতা | ১০,০০০/- | ১ টি | ১০,০০০/- | (দশ হাজার) টাকা |
| ৪র্থ-৫ম সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতা | ৫,০০০/- | ২ টি | ১০,০০০/- | (দশ হাজার) টাকা |
| ৬ষ্ঠ-১০ম সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতা | ২,০০০/- | ৫ টি | ১০,০০০/- | (দশ হাজার) টাকা |
| ১১ তম-২০ তম সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতা | ১,০০০/- | ১০ টি | ১০,০০০/- | (দশ হাজার) টাকা |
| **প্রতিটি বিভাগে ২০ (বিশ) টি পুরস্কার বাবদ প্রদেয় সর্বমোট টাকার পরিমান ঃ** | | | **১,১০,০০০/-** | **(এক লক্ষ দশ হাজার) টাকা** |
| **০৮ টি বিভাগে পুরস্কার বাবদ প্রদেয় সর্বমোট টাকার পরিমান ঃ (১,১০,০০০x৮)ঃ** | | | **৮,৮০,০০০/-** | **(আট লক্ষ আশি হাজার) টাকা** |
| **সমগ্র বাংলাদেশের মধ্যে সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহণকারী ০১ (এক) জন গ্রাহককে প্রদেয় ঃ** | | | **১,০০,০০০/-** | **(এক লক্ষ) টাকা** |
| **গ্রাহকগণকে পুরস্কার বাবদ প্রদেয় সর্বমোট অর্থ ঃ** | | | **৯,৮০,০০০/-** | **(নয় লক্ষ আশি হাজার) টাকা** |

(খ) **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** চলাকালীন সময়ে বিকেবি'র সর্বোচ্চ সংখ্যক রেমিট্যান্স প্রদানকারী শাখাসমূহের কর্মকর্তা / কর্মচারীগণকে উৎসাহ প্রদানের নিমিত্ত ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের মাধ্যমে সম্মাননা স্মারক / ক্রেস্ট / সনদপত্র প্রদান করা হবে। রেমিট্যান্স সেবা উৎসব শেষ হওয়ার পর ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক শাখাসমূহের পারফরমেন্স বিবেচনায় পুরস্কার প্রদানের নিমিত্ত শাখা/কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করা হবে।

(চলমান পাতা-০৪)

(গ) **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** উপলক্ষ্যে প্রচার প্রচারণা ও বিভিন্ন অনুষ্ঠান আয়োজন এবং পুরস্কার বিতরনের জন্য বিভাগীয় কার্যালয় এবং শাখার অনুকূলে সংশ্লিষ্ট খাতে বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগের মাধ্যমে নিম্নরুপ বাজেট বরাদ্দ ও ব্যয় নির্বাহের আর্থিক সম্মতি প্রদানের কর্তৃপক্ষীয় নির্দেশনা প্রদান করা হয়েছে ঃ

| | |
|---|---|
| ০৮ টি বিভাগে মোট (২০×৮) = ১৬০ জন গ্রাহককে পুরস্কার বাবদ প্রদেয় সর্বমোট টাকা (১,১০,০০০ × ৮) ঃ | ৮,৮০,০০০/- |
| সমগ্র বাংলাদেশের মধ্যে সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহণকারী ০১ (এক) জন গ্রাহককে প্রদেয় পুরস্কার (১,০০,০০০×১) ঃ | ১,০০,০০০/- |
| **গ্রাহকগণকে আর্থিক পুরস্কার বাবদ প্রদেয় টাকা ঃ** | **৯,৮০,০০০/-** |
| | |
| বিকেবির ১০৩৮ টি শাখার জন্য ব্যানার / পোস্টার / লিফলেট স্থানীয়ভাবে মুদ্রন এবং প্রচার-প্রচারণা ও অন্যান্য খরচের জন্য প্রত্যেক শাখার অনুকূলে ১,০০০/= টাকা হিসাবে মোট (১০৩৮ × ১,০০০) ঃ | ১০,৩৮,০০০/- |
| | |
| **গ্রাহকদের আর্থিক পুরস্কার ও শাখার ব্যয় সহকারে সর্বমোট খরচ (৯,৮০,০০০ + ১০,৩৮,০০০) ঃ** | **২০,১৮,০০০/-** |
| **কথায় ঃ (বিশ লক্ষ আঠার হাজার) টাকা মাত্র।** | |

০৬। এমতাবস্থায়, চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ের মধ্যে কৃষি ব্যাংকের রেমিট্যান্স লক্ষ্যমাত্রার সিংহভাগ অর্জনের লক্ষ্যে **আগামী ৩০-মার্চ হতে ১১-মে - ২০২৩ পর্যন্ত** সময়কালে **"কৃষি ব্যাংক রেমিট্যান্স উৎসব-২০২৩"** উদযাপন এবং কর্তৃপক্ষীয় সকল নির্দেশনার সফল বাস্তবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**কোন শাখা কর্তৃক রেমিট্যান্স প্রদানে অনীহা, শৈথিল্য প্রদর্শন অথবা অন্য যেকোন অভিযোগ পাওয়া গেলে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এ ক্ষেত্রে 'জিরো টলারেন্স' নীতি অবলম্বন করা হবে । রেমিট্যান্স সেবা মাসে শাখাসমুহের পারফরমেন্স ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন করা হবে।**

অনুমোদনক্রমে ;

আপনার বিশ্বস্ত

২৩/০৩/২৩

**(মোঃ মোস্তাফিজুর রহমান)**
উপমহাব্যবস্থাপক

সূত্র ঃ বিকেবি/প্রকা/এফআরএমডি-১০(১)/বিবিধ-৪/২০২২-২০২৩/৪৫৮৩ তারিখ ঃ ২৩.০৩.২০২৩ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপিপ্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা ।
০৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক/ বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
(পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।)
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৮। নথি/মহানথি।

২৩/০৩/২৩

**(মোঃ তানভীর আহমেদ)**
সহকারী মহাব্যবস্থাপক